**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ১৪/২০১৭**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**ঢাকা, বুধবার ১৮ জানুয়ারি ২০১৭, ৫ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তৈরি পোশাক শিল্পে কর্মপরিবেশ নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ
: সুইজারল্যান্ডের দাভোসে 'শেপিং এ নিউ ওয়াটার ইকোনমি' শীর্ষক কর্মশালায় প্রধানমন্ত্রী

২। বাংলাদেশকে তুলে ধরতে সভা আয়োজনে ডব্লিউইএফ'র প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ হোন : রাষ্ট্রপতি

৪। রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে সংলাপ করার পরামর্শ রাষ্ট্রপতির

৫। মোট বিনিয়োগ জিডিপির ৩২ শতাংশে উন্নীত হবে : অর্থমন্ত্রী

৬। বাংলাদেশ থেকে ভারতে পাটপণ্য আমদানিতে
অ্যান্টি ডাম্পিং শুল্ক প্রত্যাহারের উদ্যোগ অব্যাহত : বাণিজ্যমন্ত্রী

৭। সৈয়দ জিয়ার গতিবিধি অনুসরণ করা হচ্ছে, যে কোনো সময় গ্রেফতারে সক্ষম হবো : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। অপরাধী যত বড় হোক দায়মুক্তি পাবে না : প্রধান বিচারপতি।

৯। সরকারি সেবায় ৬৯ শতাংশ বিল নেওয়া হয় অনলাইনে : তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী

১০। ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায় ১২টি মার্কেট ঝুঁকিপূর্ণ : ডিএনসিসি মেয়র

১১। দুর্নীতির সুযোগ বন্ধে মন্ত্রিপরিষদ সচিবের চিঠি পাঠানো হয়েছে
সচিব, কমিশনার ও জেলা প্রশাসকদের কাছে

১২। বাংলাদেশি সাইক্লিস্টদের বিশ্বরেকর্ড : স্বীকৃতি পেল গিনেস বুকে

চলমান পাতা-২

১। **তৈরি পোশাক শিল্পে কর্মপরিবেশ নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ**

**: সুইজারল্যান্ডের দাভোসে 'শেপিং এ নিউ ওয়াটার ইকোনমি' শীর্ষক কর্মশালায় প্রধানমন্ত্রী**

তৈরি পোশাকশিল্পে কর্মপরিবেশ নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের অর্থনীতিতে তৈরি পোশাক ও বস্ত্রশিল্পের অবদান বিশাল। এই শিল্পে শ্রমিক অধিকার, কর্মস্থলে নিরাপত্তা ও পরিবেশগত মানসহ কর্মপরিবেশ নিশ্চিত করার ব্যাপারে আমার দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। সুইজারল্যান্ডের দাভোসের কংগ্রেস সেন্টারে গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সভার এক কর্মশালায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। ওয়ার্ল্ড রিসার্স ইনস্টিটিউটের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী অ্যান্ড্রু স্টিয়ারের সঞ্চালনায় 'শেপিং এ নিউ ওয়াটার ইকোনমি' শীর্ষক এই কর্মশালায় বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানেরা অংশ নেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বেতন কাঠামো, কর্মস্থলের নিরাপত্তা, রীতিনীতি এবং শিল্প খাতে সহনশীল সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশের তৈরি পোশাকশিল্প উচ্চতর মান অর্জন করেছে। মূল বেতন ৭৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গ্লোবাল ব্র্যান্ড এবং রিটেইলারদের সুপারিশের ভিত্তিতে ৩ হাজার ৭৮০টি কারখানার সব কটির সমীক্ষা শেষ হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, তৈরি পোশাক খাতে আন্তর্জাতিক মান অনুযায়ী দূষিত পানি শতভাগ শোধন এবং পানি ব্যবহারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৫ সাল থেকে বাংলাদেশ সরকার '২০৩০ ওয়াটার রিসোর্স গ্রুপের' সঙ্গে কাজ করছে। শিল্পায়নে তার সরকারের বিভিন্ন পদক্ষেপের তথ্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, শিল্পপ্রতিষ্ঠান ও কলকারখানায় 'এফ্লুয়েন্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট' বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া সবার জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন নিশ্চিত করার ক্ষেত্রে তার সরকারের উদ্যোগ তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আমরা চেষ্টা করে যাচ্ছি সবার জন্য নিরাপদ পানি এবং পয়োনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**ইত্তেফাক, ইনকিলাব, অবজারভার, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বাংলাদেশকে তুলে ধরতে সভা আয়োজনে ডব্লিউইএফ'র প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ এবং এর আঞ্চলিক অর্থনীতিকে তুলে ধরতে বাংলাদেশে একটি সভা আয়োজনে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে'র (ডব্লিউইএফ) প্রতি আহ্বান জানিয়ে বলেন, আমরা বাংলাদেশে এ ধরনের সভা আয়োজনে প্রস্তুত রয়েছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডব্লিউইএফ'র নির্বাহী চেয়ারম্যান প্রফেসর ক্লাউস সোয়াবের সঙ্গে বৈঠককালে একথা বলেন। ডব্লিউইফ'র ৪৭তম বার্ষিক সভার সাইড লাইনে গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার দাভোসের কংগ্রেস সেন্টারে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব মো. নজরুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বৈঠক চলাকালে বাংলাদেশে অধিক হারে বিনিয়োগে এগিয়ে আসার জন্য উদ্যোক্তাদের আহ্বান জানাতেও প্রফেসর ক্লাউসের প্রতি অনুরোধ জানান। প্রধানমন্ত্রী বলেন, আমরা বিদেশি উদ্যোক্তাদের বিনিয়োগ আকৃষ্ট করতে দেশে নানারকম সুযোগ সুবিধা সৃষ্টি করেছি। তাদের সেই সুযোগটা গ্রহণ করা উচিত। এ প্রসঙ্গে শিল্পায়নের বিকাশ এবং কর্মসংস্থান সৃষ্টিতে সরকারের উদ্যোগে দেশে একশ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার কথাও উল্লেখ করেন তিনি। বাংলাদেশে বিশ্ব বিনিয়োগ আকৃষ্ট করতে ব্র্যান্ডিং করাটা খুব জরুরি বলে এ সময় প্রফেসর ক্লাউস উল্লেখ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে এ সময় ক্লাউস বলেন, বাংলাদেশের কয়েকটি ক্ষেত্রে উন্নয়ন খুব বিস্ময়কর। বিশেষ করে বিশ্বমন্দার মাঝেও ৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জন খুব বড় বিষয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬)**, ইনকিলাব (**পৃ.১,ক.৮)**, প্রথম আলো** (পৃ.২,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৩। **গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ হোন : রাষ্ট্রপতি**

গণতন্ত্র ও উন্নয়নকে একে অপরের পরিপূরক অভিহিত করে কষ্টার্জিত গণতন্ত্র যাতে কোনোভাবে বাধাগ্রস্ত না হয় সে জন্য সবাইকে ঐক্যবদ্ধ প্রয়াস চালানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, 'আমি বিশ্বাস করি, কষ্টার্জিত স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখতে সবাই প্রচেষ্টা চালাবেন এবং গণতন্ত্র ও

আর্থসামাজিক উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে দলমতনির্বিশেষে সবাই নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা পালন করবেন।' গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে ভাষণ প্রদানকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৪। রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে সংলাপ করার পরামর্শ রাষ্ট্রপতির**

গ্রহণযোগ্য ও নিরপেক্ষ নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে সংলাপ করার পরামর্শ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। নির্বাচন কমিশন (ইসি) গঠন নিয়ে গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার খেলাফত মজলিস ও জমিয়তে উলামায়ে ইসলামের সঙ্গে পৃথক আলোচনাকালে তিনি এই পরামর্শ দেন। রাষ্ট্রপতি বলেন, গণতন্ত্রের জন্য সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের বিকল্প নেই। সুষ্ঠু নির্বাচনের জন্য সরকারের পাশাপাশি দেশের সব রাজনৈতিক দলকেও এগিয়ে আসতে হবে। তিনি বলেন, আলোচনা বা সংলাপ রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য কমাতে পারে। রাজনৈতিক দলগুলোকেই সেই পরিবেশ সৃষ্টি করতে হবে এবং নিজেদের মধ্যে আলোচনা করতে হবে। আলোচনা শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক,৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.৪,ক.১)।

**৫। মোট বিনিয়োগ জিডিপির ৩২ শতাংশে উন্নীত হবে : অর্থমন্ত্রী**

আগামী দুই বছরের মধ্যে দেশের মোট বিনিয়োগ জিডিপির ৩২ শতাংশে উন্নীত হবে। একইসঙ্গে যেভাবে উন্নয়ন অগ্রগতি হচ্ছে তা অব্যাহত থাকলে আগামী দুই বছরে মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি ৮ শতাংশে পৌঁছাবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে বর্তমান সরকারের উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন ও সম্ভাবনা শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৬। বাংলাদেশ থেকে ভারতে পাটপণ্য আমদানিতে**
**অ্যান্টি ডাম্পিং শুল্ক প্রত্যাহারের উদ্যোগ অব্যাহত : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ থেকে ভারত পাটপণ্য আমদানিতে যে অ্যান্টি ডাম্পিং শুল্ক আরোপ করেছে তা উচিত হয়নি। বিষয়টি মোকাবিলায় এরই মধ্যে সরকারের তরফ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ থেকে একাধিক টিম গেছে। আমি আগামী ২৬ জানুয়ারি ভারত যাব। সেখানেও এ বিষয়ে কথা বলব। গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ডিসিসিআইর নবনির্বাচিত পরিচালনা পর্ষদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের পাটপণ্য রফতানির ক্ষেত্রে ভারতের অ্যান্টি ডাম্পিং শুল্ক আরোপ দুঃখজনক। ভারত বাংলাদেশকে তামাক ও মদ ছাড়া সকল পণ্য রফতানির ক্ষেত্রে ডিউটি ও কোটা ফ্রি সুবিধা প্রদান করেছে। অথচ পাটপণ্য রফতানির ওপর অ্যান্টি ডাম্পিং শুল্ক আরোপ করেছে। অনেক পণ্য রফতানির ওপর শতকরা সাড়ে ১২ শতাংশ হারে কাউন্টার ভেলিং শুল্ক নিচ্ছে। ফলে বাংলাদেশের তৈরি পণ্য ভারতে রফতানির ক্ষেত্রে বাধাগ্রস্ত হচ্ছে। মন্ত্রী বলেন, এ বিষয় বাংলাদেশ ভারতের সঙ্গে আলোচনায় তুলে ধরেছে। আবারও বিষয়টি নিয়ে ভারতের সঙ্গে আলোচনা করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

**৭। সৈয়দ জিয়ার গতিবিধি অনুসরণ করা হচ্ছে, যে কোনো সময় গ্রেফতারে সক্ষম হবো : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সেনাবাহিনীতে ব্যর্থ অভ্যুত্থান চেষ্টার পর পালিয়ে জঙ্গি তৎপরতায় জড়িত সৈয়দ জিয়াউল হকের গতিবিধি অনুসরণ করা হচ্ছে। যে কোনো সময় তাকে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা গ্রেফতার করতে সক্ষম হবে। গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশ ক্রাইম

রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের নতুন নেতাদের সাথে সাক্ষাতে এক প্রশ্নের জবাবে একথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**৮। অপরাধী যত বড় হোক দায়মুক্তি পাবে না : প্রধান বিচারপতি**

'অপরাধী যত বড় হোক না কেন, সে দায়মুক্তি পাবে না। চাঞ্চল্যকর সাত খুনের মামলার প্রভাবশালী আসামি র‍্যাবের কতিপয় কর্মকর্তা লোমহর্ষক হত্যাকাণ্ড ঘটিয়েছে, যা সমগ্র জাতিকে স্তম্ভিত করেছে। সুপ্রিম কোর্টের সময়োপযোগী হস্তক্ষেপের ফলে অপরাধীদের দ্রুত বিচারের মুখোমুখি করা হয়। স্বল্পতম সময়ের মধ্যে ওই মামলার বিচার নিষ্পত্তি করায় বিচার বিভাগের প্রতি জনগণের আস্থা আরও বেড়েছে।' দেশের ২১তম প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব পালনের দুই বছর পূর্তি উপলক্ষে গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে দেওয়া এক বাণীতে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৯। সরকারি সেবায় ৬৯ শতাংশ বিল নেওয়া হয় অনলাইনে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বর্তমানে সরকারি সেবায় ৬৯ শতাংশ বিল অনলাইনে দেওয়া হচ্ছে। এর মধ্যে রয়েছে অনলাইন ট্যাক্স রিটার্ন, অনলাইন টেন্ডারিং, অনলাইন ও মোবাইল ব্যাংকিং, ইউটিলিটি বিল প্রদান অন্যতম। সুইজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ৪৭তম বার্ষিক সভায় 'ডিজিটাল ইকোনমি অ্যান্ড সোসাইটি ইন সাউথ এশিয়া' শীর্ষক মিনিস্ট্রারিয়েল আলোচনায় অংশ নিয়ে গত ১৬ জানুয়ারি সোমবার তিনি এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**১০। ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায় ১২টি মার্কেট ঝুঁকিপূর্ণ : ডিএনসিসি মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় মোট ১৪১টি ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে বলে জানিয়েছেন মেয়র আনিসুল হক। এর মধ্যে ডিএনসিসির মালিকানাধীন সাতটি মার্কেটের ১২টি ভবন রয়েছে। এসব ভবন ধসে ব্যাপক প্রাণহানির আশঙ্কা থাকলেও এখনই ভেঙে ফেলা সম্ভব হচ্ছে না বলে জানিয়েছেন আনিসুল হক। গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার গুলশান নগর ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৬)।

**১১। দুর্নীতির সুযোগ বন্ধে মন্ত্রিপরিষদ সচিবের চিঠি পাঠানো হয়েছে সচিব, কমিশনার ও জেলা প্রশাসকদের কাছে**

সরকারি খাতে দুর্নীতি বন্ধে বাস্তব পদক্ষেপ নিতে সচিব, কমিশনার ও ডিসিদের কাছে চিঠি পাঠিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। গতকাল ১৭ জানুয়ারি মঙ্গলবার সকল মন্ত্রণালয়, বিভাগের সচিব, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কাছে এই চিঠি পাঠানো হয়। মূলত সরকারি খাতে ও প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে দুর্নীতি বন্ধের ওপর জোর দেওয়া হয়েছে এই চিঠিতে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**১২। বাংলাদেশি সাইক্লিস্টদের বিশ্বরেকর্ড : স্বীকৃতি পেল গিনেস বুকে**

গিনেস বুকে নাম লেখাতে মহান বিজয় দিবসে সাইক্লিংয়ের আয়োজন করেছিল 'বিডি সাইক্লিস্ট' নামের একটি বাংলাদেশি গ্রুপ। 'লংগেস্ট সিংগেল লাইন অব বাইসাইকেল মুভিং' ক্যাটাগরিতে নতুন রেকর্ড গড়তে সাইক্লিংয়ে অংশ নেন বাংলাদেশের এক হাজার ১৮৬ সাইক্লিস্ট। অবশেষে এক লেনে বাংলাদেশের এক হাজার ১৮৬ সাইক্লিস্টের সাইকেল চালানোর বিশ্বরেকর্ডটির স্বীকৃতি পেল 'গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে'। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পুলিশি সেবা জনগণের নিকট পৌঁছাতে 'অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স' সেবা চালুর প্রশংসনীয় উদ্যোগের বিষয় তুলে ধরে পুলিশের ছাড়পত্র পেতে জনগণের দুর্ভোগ লাঘবে এ ধরনের সেবা ব্যাপক প্রভাব ফেলার প্রত্যাশা।

খ. **সংবাদ :** শরীয়তপুরের বিভিন্ন স্থানে ফসলি জমিতে মাছের খামার তৈরি কৃষির জন্য শুভ নয় বলে মন্তব্য করে খাদ্য চাহিদাকে গুরুত্ব দিয়ে সরকারকে শরীয়তপুরের মতো দেশের অন্যান্য অঞ্চলের কৃষি জমি সংরক্ষণে আরও সজাগ ও সতর্ক হওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ, যুগান্তর, ভোরের কাগজ :** পথচারীদের জন্য দখলমুক্ত ফুটপাথ সময়ের দাবি হলেও হকারদের পুনর্বাসনের মানবিক দিকটি বিবেচনায় নিয়ে প্রকৃত হকারদের তালিকা করে তাদের পুনর্বাসনের সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** বাংলাদেশের পাটের ওপর ভারতের অ্যান্টি-ডাম্পিং শুল্ক আরোপের সিদ্ধান্ত কার্যকর হওয়ার পর সে দেশে পাট রপ্তানিতে ধস নামায় বাংলাদেশের অভিযোগ খন্ডনের কৌশলগত প্রক্রিয়া জোরালো করার সুপারিশ।

ঙ. **সমকাল :** ইন্টারনেটে নারী নির্যাতনের ঘটনা বেড়ে যাওয়ায় কঠোর আইন ও সচেতনতা দিয়ে সাইবার অপরাধ মোকাবেলা করার ওপর গুরুত্বারোপ।

চ. **যুগান্তর :** বিশ্ব অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ব্যবসা-বাণিজ্য-বিনিয়োগের পথের বিদ্যমান বাধাগুলো অপসারণে সরকারকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান ।

ছ. **ইনকিলাব :** মোটা চালের মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে নিত্যপণ্যের বাজার মনিটরিং করার ওপর গুরুত্বারোপ।

জ. **ইনডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউ এজ, সংবাদ, জনকণ্ঠ, প্রথম আলো, ইনকিলাব :** নারায়ণগঞ্জের সাত খুনের মামলার রায়ে ন্যায়-বিচার প্রতিষ্ঠা পেয়েছে উল্লেখ করে আইনি প্রক্রিয়া শেষে মামলার রায় দ্রুত কার্যকরের প্রত্যাশা।

ঝ. **ডেইলি সান :** শীতার্ত অসহায় দরিদ্র জনগোষ্ঠীর সাহযার্থে সরকার, এনজিও ও সামর্থবানদের এগিয়ে আসার আহ্বান।

ঞ. **নিউজ টুডে :** গ্রামের তৃণমূল পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধে শিক্ষক, উপজেলা, চেয়ারম্যান ও মেম্বার, গ্রামের নেতা, ধর্মীয় নেতা ও মসজিদের ইমামদের এ কাজে সম্পৃক্ত করার সুপারিশ।

ট. **নিউ নেশন :** কুড়িগ্রাম ও মৌলভীবাজারে রেললাইনে কাঠের স্লিপার আটকাতে লোহার দণ্ডের পরিবর্তে বাঁশ ও কাঠের দণ্ড ব্যবহার করার ঝুঁকিপূর্ণ বিষয় তুলে ধরে রেলযাত্রীদের নিরাপত্তায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত তা সঠিকভাবে মেরামত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে সৎপথে জীবিকা উপার্জনকারী হকারদের নির্মমভাবে উচ্ছেদ করার আগে বেকারত্বের কথা বিবেচনায় নিয়ে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'আলোকিত মানুষ গড়ার শিক্ষা'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ শিশুরা যাতে উপযুক্ত পুস্তক পাঠে সঠিক জ্ঞানলাভ করে উচ্চশিক্ষা গ্রহণ শেষে পরবর্তীকালে আলোকিত মানুষ হয়ে উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার হাল ধরতে পারে এমন ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা